# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

## প্রধান কার্যালয়

১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি (মোহাম্মদপুর), ঢাকা-১২০৭।

ফোনঃ ০২-৫৮১৫২৯২২, ০২-৫৮১৫২৯২৩, ই-মেইলঃ dkibbd@gmail.com, ওয়েবঃ-www.dkib.org

**০৬/০৪/২০১৮ইং তারিখে অনুষ্ঠিত ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির বিশেষ জরুরী সভার কার্যবিবরণীঃ**

অদ্য ০৬/০৪/২০১৮ইং শুক্রবার সকাল ১০.০০ ঘটিকায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির বিশেষ জরুরী সভা ১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি (মোহাম্মদপুর), ঢাকায় ডিকেআইবি ভবনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব এ টি এম আবুল কাশেম, সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ কেন্দ্রীয় নির্বাহী কমিটি। সভা পরিচালনা করেন আলহাজ্ব মোঃ আব্দুর রাশেদ খান, মহাসচিব, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন আলহাজ্ব মোঃ আজিজুল হক, সহ-সভাপতি, কেনিক।

বীর মুক্তিযোদ্ধা মীর বক্স, এএইও (অবসরপ্রাপ্ত),শার্শা, যশোর, মোঃ লুৎফর রহমান, এসএএও, শিবগঞ্জ, বগুড়া, এস এম কুদ্দুসুর রহমান, এসএপিপিও, সিংগাইর, মানিকগঞ্জ, আছমা সিদ্দিকা কাকলী, এসএএও, হোসেনপুর, কিশোরগঞ্জ, দীনেশ চন্দ্র দাশ, সভাপতি, মধুখালী উপজেলা শাখা, ফরিদপুর, অতুল বিকাশ চাকমা, এসএএও, নানিয়ারচর, রাংগামাটিসহ গত সভার পর হতে যে সকল ডিপ্লোমা কৃষিবিদ মৃত্যু বরণ করেছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করা হয় এবং সড়ক দুর্ঘটনায় আহত জনাব জাফর আলী খান, আহবায়ক, দিনাজপুর জেলা শাখা এবং তার স্ত্রী নুর ভানু, এসএএও, বিরল, দিনাজপুর, জনাব মোঃ মুজিবুর রহমান রাজু, সভাপতি, ময়মনসিংহ অঞ্চল শাখা, শংকর চন্দ্র সরকার, এসএএও, নবাবগঞ্জ, দিনাজপুর, মোঃ ফিরোজ খাননুন, সাধারন সম্পাদক, ঢাকা মহানগরসহ যে সকল ডিপ্লোমা কৃষিবিদ অসুস্থ আছেন তাদের সুস্থতা কামনা করে দোয়া পরিচালনা করেন মোঃ আবুল কাশেম, সহ-সাংগঠনিক সম্পাদক, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভাপতি সাহেব তার স্বাগত বক্তব্যে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ভিশন-২০২১ ও ২০৪১এর তাৎপর্য্য ও উন্নয়ন সম্পর্কে আলোকপাত করেন এবং স্ব স্ব অবস্থান থেকে কৃষি ও কৃষকের উন্নয়নে আরও নিবিড়ভাবে কাজ করার আহবান জানান।

অতঃপর মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতিসহ নেতৃবৃন্দের নামে আনীত উদ্দেশ্য প্রণোদিত, মিথ্যা ও বানোয়াট অভিযোগ সম্পর্কে সকলকে অবহিত করেন।

১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রী মহোদয়ের অর্থ বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান সাহেবের উদ্যোগে গৃহিত পদক্ষেপ অত্যন্ত সন্তোষজনক বলে তিনি মাননীয় উপদেষ্টা মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং অর্থ মন্ত্রণালয়ের অগ্রগতি আশাব্যঞ্জক বলে সকলকে অবহিত করেন।

১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি(মোহাম্মদপুর), ঢাকায় নবনির্মিত ডিকেআইবি এর কেন্দ্রীয় কার্যালয়টি বি.সি.এস কৃষি ক্যাডার ও বিভাগীয় প্রশাসন কর্তৃক উৎখাতের ষড়যন্ত্র, কেন্দ্রীয় সভাপতিসহ মোঃ ইয়াহিয়া, সহ-সাংগঠনিক সম্পাদক ও মোঃ আপেল মাহমুদ, এসএএও, তেজগাঁও, ঢাকাকে কৈফিয়ত তলব এর বিষয়টি উপস্থাপন করেন। বি.সি.এস কৃষি ক্যাডারের কতিপয় নেতৃবৃন্দ ডিপ্লোমা কৃষিবিদদের ১০ম গ্রেড বেতনস্কেল যাতে বাস্তবায়ন হতে না পারে সেজন্য অর্থ মন্ত্রণালয়ে ষড়যন্ত্র করেছেন বলে সকলকে অবহিত করেন।

কতিপয় কৃষিবিদ কর্তৃক মাঠ পর্যায়ে দুর্নীতি, উদ্দেশ্যমূলক হয়রানি ও বদলী করার অসৎ অপচেষ্টার বিরুদ্ধে সকল ডিপ্লোমা কৃষিবিদদেরকে প্রতিরোধ গড়ে তোলার আহবান জানান। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কৃষিবিদ প্রশাসনের একমুখী নীতির কারণে ডিপ্লোমা কৃষিবিদদের মধ্যে আজ হতাশা বিরাজ করছে এবং ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নসহ ন্যায্য দাবী বাস্তবায়নের অন্তরায় সৃষ্টি হচ্ছে। এ কারণে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে মহাপরিচালক পদে প্রশাসনিক ক্যাডারের নিরপেক্ষ মহাপরিচালক নিয়োগের জন্য কৃষি মন্ত্রণালয়কে বার বার অনুরোধ করা হচ্ছে। কৃষিবিদ প্রশাসনের ষড়যন্ত্রের বিরুদ্ধে সতর্ক অবস্থানসহ যে কোন পরিস্থিতি মোকাবেলার জন্য সকল সদস্যকে প্রস্তুত থাকার আহবান জানান। অতঃপর মহাসচিব সাহেবকে আজকের সভার আলোচ্যসূচীর উপর আলোচনা করার আহবান জানান।

মহাসচিব সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় মাঠ পর্যায়ে কতিপয় দুর্নীতিবাজ কৃষিবিদ কর্মকর্তার দুর্নীতি ও ষড়যন্ত্র মোকাবেলার জন্য সকলকে ঐক্যবদ্ধ ও সজাগ থাকার আহবান জানান। গত সভার পর হতে অদ্যাবদি যে সকল সাংগঠনিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং অদ্যকার সভার আলোচ্যসূচীর উপর সংক্ষিপ্ত বিবরণ প্রদান করেন।

গত ১৭/০৩/২০১৮ইং তারিখের কেন্দ্রীয় নির্বাহী কমিটির রেজুলেশন সভায় উপস্থাপনের পর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সভায় আলোচ্যসূচীর উপর আলোচনা ও পর্যালোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হলোঃ-

সিদ্ধান্ত-০১ঃ (ক) ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নের লক্ষ্যে বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রীসভা কমিটির সভাটি পুনরায় আহবান করে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা বাস্তবায়নের জন্য মাননীয় অর্থমন্ত্রী মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করা হলো। এই কাজে আরও দ্রুত অগ্রগতির জন্য বিভিন্ন দপ্তর, মন্ত্রণালয় ও সচিবালয়ের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

(খ) বিগত ১৭ ফেব্রুয়ারী ২০১৮ তারিখে ডিকেআইবি খুলনা জেলা শাখার নেতৃত্বে আঞ্চলিক কর্মশালায় "জৈব কৃষি ও নিরাপদ খাদ্য" সেমিনারে মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত ডিপ্লোমা কৃষিবিদদের ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন বলে সেমিনারে আশ্বাস প্রদান করেন এবং সে মোতাবেক গত ২৫/০৩/২০১৮ইং তারিখে ড. মসিউর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নে অর্থ মন্ত্রণালয়কে জোর সুপারিশ করায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এই সেমিনারের আয়োজক ডিকেআইবি খুলনা জেলার নেতৃবৃন্দকে অত্র সভার পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

সিদ্ধান্ত-০২ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ একটি পেশাজীবী অরাজনৈতিক সংগঠন। কৃষকদের আর্থ সামাজিক উন্নয়নে কৃষকদের পাশে থেকে মাঠে ময়দানে সার্বক্ষনিক কাজ করে যাচ্ছেন ডিপ্লোমা কৃষিবিদগণ। তাদের অক্লান্ত পরিশ্রমে দেশ আজ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। আর ডিপ্লোমা কৃষিবিদদের প্রাণের সংগঠন ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ। এর প্রধান কার্যালয় ১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি (মোহাম্মদপুর), ঢাকায় অবস্থিত। এই কার্যালয় নিয়ে কতিপয় কৃষিবিদের যেকোন ষড়যন্ত্র মোকাবেলা করার জন্য সকল ডিপ্লোমা কৃষিবিদদেরকে প্রস্তুত থাকার আহবান জানানো হয়। এ বিষয়ে কেন্দ্রীয় নির্বাহী কমিটি কর্তৃক প্রদত্ত যেকোন কর্মসূচী পালনের জন্য সকল অঞ্চল/সমন্বয় সংস্থা/জেলা/সংস্থার সভাপতি/সাধারন সম্পাদককে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৩ঃ মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে দেশ যখন এগিয়ে যাচ্ছে, ঠিক সে সময় কিছু অসৎ ও দুর্নীতিবাজ সরকারী কর্মকর্তা/কর্মচারীর দুর্নীতির কারণে তা বাধাগ্রস্থ হচ্ছে। কতিপয় অসৎ ও দুর্নীতিপরায়ন কৃষিবিদ কর্মকর্তার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কলঙ্কিত হচ্ছে। যা মোটেই কাম্য নয়। মাঠে ময়দানে কৃষকের জন্য বরাদ্দকৃত বিভিন্ন চলমান প্রকল্পের অর্থ বিভিন্ন উপায়ে আত্মসাত করা হচ্ছে। প্রদর্শনী প্লট বাস্তবায়নে এবং কৃষকদের প্রদানের জন্য বরাদ্দকৃত অর্থের ভাংতি বিবরণী প্রদান না করে তথ্য গোপন করে বরাদ্দকৃত অর্থ আত্মসাৎ করে কৃষি উন্নয়ন বাধাগ্রস্থ করছেন। যা মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২০২১ ও ২০৪১ কে বাধাগ্রস্থ করছে বলে অত্র সভা মনে করে। তাই মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২০২১ ও ২০৪১ বাস্তবায়নে মাঠে ময়দানে কর্মরত সকল ডিপ্লোমা কৃষিবিদকে স্ব স্ব অবস্থানে থেকে দুর্নীতি প্রতিরোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-০৪ঃ কৃষি মন্ত্রণালয়াধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশাসনকে স্বচ্ছ, দক্ষ ও নিরপেক্ষ করে পক্ষপাতহীন আচরণ, ন্যায়বিচার এবং জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে মহাপরিচালক (ডিজি) পদে প্রশাসন ক্যাডারের মহাপরিচালক নিয়োগের জন্য পুনরায় জোর দাবি জানানো হলো। এ বিষয়ে মাননীয় কৃষিমন্ত্রী ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী মহোদয়ের হস্তক্ষেপ কামনা করা হলো।

ডিপ্লোমা কৃষিবিদদের ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নসহ বিভিন্ন দাবী দাওয়া বাস্তবায়নে কতিপয় দুর্নীতিবাজ কৃষিবিদ কর্মকর্তাদের দুর্নীতি প্রতিরোধ করে মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২০২১ ও ২০৪১ বাস্তবায়ন এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে নিরপেক্ষ প্রশাসনিক মহাপরিচালক নিয়োগের দাবীতে মাঠ পর্যায় কর্মসূচী পালনের প্রস্তাবনা জাতীয় কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-০৫ঃ বেতনস্কেল/২০১৫ অনুযায়ী সরকারী কর্মকর্তা কর্মচারীদের সিলেকশন গ্রেড প্রথা ১৪/১২/১৫ইং তারিখ পর্যন্ত বহাল রাখা হয়েছে। সে মোতাবেক কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানগণ ১৪/১২/১৫ইং তারিখ পর্যন্ত সিলেকশনগ্রেড প্রাপ্য। তাই বিদ্যমান গ্রেডেশন তালিকার ৭৭০৬ হতে ৭৮৮৫ পর্যন্ত মোট ১৮৪ জনের সিলেকশন গ্রেড প্রদানের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে প্রতিটি অঞ্চলে পত্র প্রেরণ করা হয়েছে। অতিদ্রুত পত্রের চাহিদা মোতাবেক যাবতীয় কাগজপত্রাদি মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বরাবরে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৬ঃ ডিপ্লোমা কৃষিবিদ সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (এএইও)/সমমান পদধারীদের ফিডার পদে ০৫ বছর চাকুরির মেয়াদ পুর্তির অজুহাত দেখিয়ে তাদেরকে পরবর্তী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (এইও)/সমমান পদে পদায়ন করা হয় না। ডিপ্লোমা কৃষিবিদ এএইও/সমমানদের জন্য পদ সংরক্ষিত থাকা সত্ত্বেও কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (এইও) পদে চলতি দায়িত্ব প্রদান না করে দীর্ঘদিন যাবত পদগুলো শুন্য রাখা হয়েছে। এমতাবস্থায় ডিপ্লোমা কৃষিবিদ এএইও/সমমানদেরকে সংরক্ষিত পদে পদোন্নতি/চলতি দায়িত্ব প্রদান না করে আর কোন কৃষি সম্প্রসারণ কর্মকর্তা পদে যেন সরাসরি নিয়োগ করতে না পারে তার বিরুদ্ধে অতিদ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য গঠিত সাব-কমিটিকে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৭ঃ (ক) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায় ব্লক খালি রেখে উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদেরকে উপজেলা, জেলা এবং অঞ্চলের অফিস গুলোতে প্রেষণ/মৌখিক আদেশের মাধ্যমে কাজ করানো হচ্ছে। তাদের প্রেষণ/মৌখিক আদেশ বাতিল করার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে পুনরায় অনুরোধ করা হলো।

(খ) গণপ্রজাতন্ত্রী বাংলাাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-৩ অধিশাখার স্মারক নং-০৭.০০.০০০০.১৭৩.০২২.৭০.১৮-১৭ তারিখ ২৭/০২/২০১৮খ্রিঃ মোতাবেক অতিরিক্ত দায়িত্ব প্রাপ্তদেরকে অতিরিক্ত ভাতা প্রদান করার জন্য পরিপত্র জারি করা হয়েছে। অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের অতিরিক্ত ভাতা প্রদানের জন্য সংশ্লিষ্ট অফিসকে অনুরোধ করা হলো। তাই অতিরিক্ত দায়িত্ব পালনকারীদেরকে অতিরিক্ত ভাতা ও বকেয়া ভাতাদি উত্তোলন করার জন্য অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৮ঃ বি.সি.এস কৃষি এসোসিয়েশনের কতিপয় দুর্নীতিবাজ কর্মকর্তাদের বিভিন্ন অপকর্ম তুলে ধরে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে কলঙ্কমুক্ত করার স্বার্থে যথাযথ প্রমাণাদিসহ তাদের বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনে অভিযোগ দায়ের করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জাতীয় কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-০৯ঃ (ক) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ (ডিকেআইবি) এর নির্বাচন/১৮ সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সময় বর্ধিত করার প্রস্তাবনা জাতীয় কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হলো।

(খ) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ (ডিকেআইবি) এর নির্বাচন/১৮ উপলক্ষ্যে ভোটার তালিকা হালনাগাদ করার জন্য সদস্য নবায়ন ফরম পূরণ করে অতিদ্রুত সময়ের মধ্যে কেন্দ্রে জমা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহিত হলো।

(গ) ডিকেআইবির সকল প্রকার চাঁদা, ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত বার্ষিক চাঁদা ও কল্যাণ চাঁদা (২০১৮সালে সমূদয় চাঁদা নতুন গঠনতন্ত্র অনুযায়ী), ডিপ্লোমা কৃষিবিদ মহাসম্মেলন-২০১৭ এর বিশেষ বকেয়া চাঁদা অতিদ্রুত পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। উল্লেখ্য যে, সদস্য নবায়ন ফি জনপ্রতি ১০০/- টাকা হারে (নতুন ও পুরাতন সদস্য সকলের জন্য প্রযোজ্য) কেন্দ্রে জমা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

(ঘ) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর প্রধান কার্যালয় ১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি, (মোহাম্মদপুর), ঢাকা-১২০৭ এ ভবন নির্মানের যাবতীয় ব্যয়ভার মেটানোর জন্য ডিকেআইবি সদস্য প্রতি ধার্য্যকৃত বিশেষ চাঁদা যে সকল জেলা পরিশোধ করেন নাই তাদেরকে অতিদ্রুত কেন্দ্রে জমা প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-১০ঃ ডিকেআইবি ভবন সংলগ্ন মোহাম্মদপুর মেট্রোপলিটন কৃষি অফিসটি অতিদ্রুত অন্যত্র সরানোর জন্য মাননীয় সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয় এবং মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে পুনরায় অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-১১ঃ গত ১৪/০৩/২০১৮ইং তারিখে জনাব মোঃ আব্দুর রব বেপারী, সাময়িক বরখাস্তকৃত সভাপতি, ফরিদপুর জেলা শাখার আবেদনের প্রেক্ষিতে ডিকেআইবি সভাপতিসহ কেন্দ্রীয় নির্বাহী কমিটির নিকট নিঃশর্তভাবে ক্ষমা প্রার্থনা করে দরখাস্ত প্রেরন করেছেন এবং আগামীতে এ ধরনের কর্মকান্ড না করার শর্তে প্রতিশ্রুতি জ্ঞাপন করায় তার সাময়িক বরখাস্তসহ অন্যান্য শাস্তিমূলক ব্যবস্থা প্রত্যাহার করার প্রস্তাবনা জাতীয় কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-১২ঃ এ কে এম আলমগীর হোসেন, এসএপিপিও, মেট্রোপলিটন কৃষি অফিস, মোহাম্মদপুর, ঢাকা, সদস্য নম্বর-১১০ গঠনতন্ত্র বিরোধী কার্যক্রমে জড়িত থাকায় ও সংগঠনের বিরুদ্ধে মিথ্যা ও বানোয়াট অভিযোগ করায় গঠতন্ত্রের ৬.২ ও ৬.৩ উপঅনুচ্ছেদ মোতাবেক সাময়িক বরখাস্ত করার সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-১৩ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সভাপতি জনাব এ টি এম আবুল কাশেম এর বিরুদ্ধে হয়রানি ও ষড়যন্ত্রমূলক কৈফিয়ত তলব করায় অত্র সভায় ক্ষোভ প্রকাশ করা হয় এবং অবিলম্বে এহেন কর্মকান্ড বন্ধ না করলে যেকোন পরিস্থিতির জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

সিদ্ধান্ত-১৪ঃ বঙ্গবন্ধুর ৭ই মার্চ এর ভাষণ আন্তর্জাতিক স্বীকৃতি পাওয়ায় সরকারীভাবে দিবসটি পালন উপলক্ষে সরকার কর্তৃক সোহরাওয়ার্দী উদ্যানে জনসভার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে অত্র সংগঠনের সভাপতি সাহেব এর আহবানে সাংগঠনিকভাবে যোগদানের উদ্দেশ্যে দুপুর ২.০০টার পর জনাব মোঃ ইয়াহিয়া, সহ-সাংগঠনিক সম্পাদক,কেন্দ্রীয় নির্বাহী কমিটি (এসএএও) এবং জনাব আপেল মাহমুদ, এসএএও সংগঠন অফিসে উপস্থিত হন। উক্ত সভায় যোগদানের কারণে শাস্তি সরুপ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাদের উভয়কে যথাক্রমে বরিশাল ও সিলেট অঞ্চলে বদলী করেন। পরবর্তীতে তাদের এই অন্যায়ভাবে বদলীর প্রতিবাদে তারা কোর্টে মামলা করেন। বিষয়টি যেহেতু সংগঠনের স্বার্থ সংশ্লিষ্ট তাই তাদের মামলার যাবতীয় ব্যয়ভার সংগঠনের কেন্দ্রীয় তহবিল থেকে বহন করাসহ জাতীয় কমিটিতে উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত-১৫ঃ গত ২৩/০২/২০১৮খ্রিঃ থেকে ০৫/০৪/২০১৮খ্রিঃ পর্যন্ত ভাউচার নম্বর ১২২ হতে ২৭৫ পর্যন্ত মোট ১৫৪টি কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল নেতৃবৃন্দের এবং সংগঠনের যাবতীয় ব্যয়ের মোট খরচ ......................................
..............................................................................................................................................................
.......................................................।

(খ) আগামী কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভায় ভাউচার উপস্থাপনের পূর্বে জনাব দ্বিপায়ন বড়ুয়া, সহ-সভাপতি এবং শান্তিময় চাকমা, সহ-সাংগঠনিক সম্পাদক কেন্দ্রীয় নির্বাহী কমিটি কর্তৃক ভাউচার যাচাই বাছাইপূর্বক সুপারিশ সহকারে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) ডিকেআইবি এর কল্যাণ তহবিলে ২৩/০২/১৮খ্রিঃ থেকে ০৫/০৪/১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ..............................
......................................................................................................................................................................
.................................. ।

(ঘ) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর প্রধান কার্যালয়ে যারা সার্বক্ষনিক দাপ্তরিক কাজে নিয়োজিত আছেন তাদের ইতোমধ্যে গৃহীত বর্ধিত ভাতার সিদ্ধান্ত বাতিল করে পূর্বের হারে সম্মানি ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলো।

(ঙ) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক, জনাব মোঃ ইয়াহিয়াকে বিকাল ৫টার পর প্রধান কার্যালয়ে সার্বক্ষনিক দাপ্তরিক কাজ করার জন্য সিদ্ধান্ত গৃহিত হলো।

(চ) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির অর্থ সম্পাদক, জনাব সেকেন্দার তালুকদারকে গঠনতন্ত্র মোতাবেক প্রতিটি ভাউচার অনুমোদনের পূর্বে কঠোরভাবে যাচাই বাছাই করে মহাসচিব এর নিকট উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হলো।

পরিশেষে সভাপতি সাহেব উপস্থিত সকল নেতৃবৃন্দকে সংগঠনের বৃহত্তর স্বার্থে পারস্পরিক সৌহার্দ ও সম্প্রীতি বজায় রেখে বিভাগীয় ও সাংগঠনিক কার্যক্রমকে ত্বরান্বিত করার লক্ষ্যে অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক হওয়ার অনুরোধ করে কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়নে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের উদাত্ত আহবান জানান এবং উপস্থিত নেতৃবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-এ টি এম আবুল কাশেম
সভাপতি
০৬/০৪/২০১৮খ্রিঃ

স্মারক নং- ডিকেআইবি/ কে স- ৬৫/১(৪০) তারিখঃ ০৭/০৪/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১. মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৪. মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৫. মাননীয় প্রতি মন্ত্রী, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৬. মাননীয় সভাপতি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০৭. মাননীয় মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৮. মাননীয় সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৯. মাননীয় সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মাননীয় মহা-পরিচালক, কৃষি সম্প্রসারন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১১. মাননীয় মহাপরিচালক, বি,এ,আর,আই/বি,আর,আর,আই, জয়দেবপুর, গাজীপুর।
১২. মাননীয় মহাপরিচালক, বি.জে.আর.আই.মানিক মিয়া এভিনিউ,ঢাকা/বিনা,ময়মনসিংহ/বি.এস.আর.আই.ঈশ্বরদী,পাবনা ।
১৩. মাননীয় নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা/ মাননীয় পরিচালক, ....................................... ।
১৪. মাননীয় বিভাগীয় কমিশনার, ....................................................... ।
১৫. মাননীয় অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ............... অঞ্চল/ মাননীয় অধ্যক্ষ, এটিআই, ................... ।
১৬. মাননীয় উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, .................................... জেলা।
১৭. সভাপতি/মহাসচিব, বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ।
১৮. ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল কর্মকর্তাবৃন্দ।
১৯. জনাব ........................................................................................ ।

৭/৪/২০১৮

(আলহাজ্ব মোঃ আব্দুর রশেদ খান)
মহাসচিব
মোবাইলঃ ০১৮১৯-৭২৪৭৫৭